উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

অক্টোবর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ২৩ অক্টোবর ২০২৪ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।<br>তিনি জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে এডিপি থোক বরাদ্দ ১ম কিস্তি বাবদ ইতোমধ্যে ২৩.২৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সেই হিসিবে কিস্তিতে প্রায় ৯২.৯৬ লক্ষ টাকা পাওয়া যাবে মর্মে তিনি আশা প্রকাশ করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার জন্য ইতোমধ্যে সব কয়েকটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গণের নিকট হতে প্রাথমিক প্রস্তাবনা পাওয়া গিয়েছে। সেই প্রেক্ষিতে চলতি মাসের মধ্যে “যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি” এর সভা আহবান করা হবে এবং ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা দ্রুততার সহিত চূড়ান্তকরণের লক্ষ্যে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমেটরী ভবনের ২য় তলার জানালার গ্রীল, টিনশেড ভবনের CI sheet & Celling ও দরজার ফ্রেম এবং শাপলা ভবনের নিচ তলায় ৩টি দরজার পাল্লা মেরামতের জন্য ১,৮২,৮৩৪.০০ (এক লক্ষ বিরাশি হাজার আটশত চৌত্রিশ) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ২০২১-২০২২ হতে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের এডিপি এবং ইউজিডিপি (ডাইক) এর অর্থায়নে আহবানকৃত মোট ৩টি বিজ্ঞপ্তির বিপরীতে ৬টি পত্রিকার বিল বাবদ ১৫২,৬৬৭.০০ (এক লক্ষ বায়ান্ন হাজার ছয় শত সাতষট্টি) টাকা অপরিশোধিত রয়ে গেছে। পত্রিকা অফিস হতে প্রতিনিয়ত উক্ত বিল পরিশোধ করার জন্য তাগিদ দেয়া হচ্ছে। উক্ত বিল সমূহ পরিশোধের জন্য | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উদ্বৃত্ত) দ্বারা বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ হতে প্রস্তাবনা পাওয়া গিয়েছে তাদের ধন্যবাদ এবং দ্রুততার সহিত যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি ও উপজেলা বাছাই কমিটির সভা আহবান করে আগামী মাসের মাসিক সভায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ চুড়ান্ত করার জন্য | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে। | প্রকৌশলীকে অনুরোধ করা হলো। তাছাড়া ডরমেটরী ভবন মেরামতের ব্যয় এবং ২০২১-২০২২ হতে ২০২৩-২০২৪ অর্থবৎসরের এডিপি এবং ইউজিডিপি (জাইকা) এর অর্থায়নে আহবান কৃত মোট ৩টি বিজ্ঞপ্তির বিপরীতে ৬টি পত্রিকার বিল পরিশোধের জন্য পরিষদ কর্তৃক সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮,৮৭৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৭৪ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৭৪২ জন, নরমাল প্রসব সেবা ৫১ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৭২ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০। আরবিএস ১৩৫। উপজেলা স্বাস্থ্য বিভাগ জরায়ু ক্যান্সার প্রতিরোধে প্রায় ১৭০০০ কিশোরীকে এইচপিভি টিকা প্রদান এবং হাসপাতালে বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে আহতদের অনলাইনে রেজিষ্ট্রেশন এর বিষয়ে অবহিত করা হয়। | জরায়ু ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা প্রদান এবং হাসপাতালে বৈষম্যবিরোধী ছাত্র জনতার আন্দোলনে আহতদের অনলাইনে রেজিষ্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে মোট সক্ষম দম্পত্তির ৫০৫২১ জন, পদ্ধতি গ্রহণ কারীর সংখ্যা ৪০০৮৫ জন, হার ৭৯.৩৪%, গর্ভকালীন সেবা ৬৫৬ জন, প্রসব সেবা (এফডব্লিউওসি)-৪৭ জন, গর্ভোত্তর সেবা ১৮৮ জন, শিশু সেবা ৭২৭ জন, সাধারন রোগী৩০১৬ জন, মোট জীবিত জন্মের সংখ্যা ২১৩ জন এবং সর্ব মোট মৃত্যুর সংখ্যা ৭৮ জন, সর্ব মোট গর্ভবর্তী ১৯৫৮ এবং মোট প্রবাসী দম্পত্তি ৬৬৮৮ জন ছিল। | পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, কৃষি বিপনন অধিদপ্তর কর্তৃক পার্টনার ফার্মারস মার্কেটিং হাব নির্মাণ করা হবে। এ লক্ষ্যে আবেদন গ্রহণ করা হচ্ছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গণের কাছে এই তথ্য প্রচারের অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট বিষয়ে প্রচার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ইউপি চেয়ারম্যানদের | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

মোহাম্মদ রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অনুরোধ করা হয়। | |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ইলিশ সংরক্ষন অভিযান ১৩ অক্টোবর ২০২৪ হতে ৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। উক্ত সময়ে ইলিশ বিক্রি, আহরন, মজুদ, পরিবহন, ক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | ইলিশ সংরক্ষন অভিযান কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সি. উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার নিম্নলিখিত বিদ্যালয়সমূহ বর্তমান বৎসরের বন্যায় নদী ভাঙানের ঝুকিতে রয়েছে। বিদ্যালয় গুলো হলো ১) হাতিমনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় ২) নয়াবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩) পূর্ব বাঘা সরকারি প্রাথমিক বিদ্যালয় ৪) কে কে সরকারি প্রাথমিক বিদ্যালয় ৫) চন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। উল্লেখিত বিদ্যালয়সমূহ নদীভাঙানের কবল থেকে রক্ষা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিদ্যালয় গুলো সরেজমিন পরিদর্শন পূর্বক নদী ভাঙানের কবল থেকে রক্ষার জন্য নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ২০০ জোড়া ডেক্স-বেঞ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করার জন্য প্রস্তাব উত্তাপন করেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পর্যাপ্ত বরাদ্দ থাকা সাপেক্ষে শিক্ষা প্রতিষ্টানে ডেক্স বেঞ্চ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা পূন:নির্মান জরুরী সহায়তা প্রদান প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকুপের তালিকা/স্থান নির্ধারণ তালিকা এখনো পাওয়া যায় নাই। দ্রুত স্থান নির্বাচন তালিকা অত্র দপ্তরে প্রদান করার জন্য | বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থায় বরাদ্দকৃত নলকূপ এর | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী |

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করেন। এ ছাড়া সমগ্র বাংলাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৪৩ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। পরবর্তী ওয়াটসন মিটিং এর মাধ্যমে ইউনিয়নওয়ারী বরাদ্দ প্রদান করা হবে। | তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2p পদ্ধতিতে পরিশোধের জন্য অনলাইনে আবেদন চলছে। যে সকল প্রতিবন্ধী ব্যক্তির কার্ড রয়েছে উনারা ১৫/১০/২৪ হতে ১৪/১১/২০২৪ পর্যন্ত mis.bhata.gov/online Application এই লিংকের যে কোন ডিভাইস থেকে আবেদন করতে পারবেন। সম্মানিত ইউপি চেয়ারম্যান ও পরিষদের সকল সদস্যদেরকে এ বিষয়ে জনসাধারনকে সচেতন করার জন্য অনুরোধ করছি। তাছাড়া ২০২৪-২৫ অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে বিভিন্ন হ্যাকার ফোন করে উপকারভোগীর একাউন্টের পিন নাম্বার নিয়ে যাচ্ছেন। এ ব্যাপারে সর্বসাধারনকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যান ও পরিষদের সকল সদস্যবৃন্দকে অনুরোধ করছি। | বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অনলাইন কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন কর্মসূচীর আওতায় ৩০ জন যুব কে মাশরুম চাষ প্রশিক্ষনের জন্য তালিকা প্রস্তুত করা হচ্ছে। কৃষি অফিসারের সহযোগিতায় প্রশিক্ষনটি পরিচালিত হবে পাশাপাশি মাশরুম চাষে অভিজ্ঞ ও প্রশিক্ষন প্রাপ্ত প্রশিক্ষক ক্লাশ গ্রহণ করবেন। আগামী ১ নভেম্বর জাতীয় যুব দিবস। উক্ত দিবসের কর্মসূচীতে অংশ গ্রহণ করার জন্য সকলকে আমন্ত্রন জানানো হলো। | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন কর্মসূচীর আওতায় মাশরুম চাষ প্রশিক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরন ৭.২৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ১২.৩০ লক্ষ টাকা। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, আগামী ২/১১/২৪ তারিখ ৫৩ জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। এতে উপজেলা অডিটরিয়াম এ সকাল ১১ ঘটিকার সময় আলোচনা সভা অনুষ্ঠিত হবে সকলের দাওয়াত ও উপস্থিতি কামনা করছি। | আগামী ২/১১/২৪ তারিখ ৫৩ তম জাতীয় সমবায় দিবস সুষ্ঠুভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, ওএমএস কার্যক্রম চলমান, প্রতিদিন বিক্রয় দিবসে ২ টি বিক্রয় কেন্দ্রে ১ মে.টন আটা ও ১ মে. টন চাল বিক্রয় করা হয়। বিগত সেপ্টেম্বর/২৪ হতে খাদ্যবান্ধব খাতে চাল বিক্রয় শুরু হয়। প্রতি ভোক্তা ৩০ কেজি চাল পাবে। প্রতি কেজি চালের মূল্য ১৫ টাকা। গোলাপগঞ্জ উপজেলায় ১১ টি ইউনিয়নে অনুমোদিত আপলোডকৃত ভোক্তার সংখ্যা ২২৯৪ জন।অক্টোবর/২৪ মাসের টিসিবি খাতে ছাড়পত্র পাওয়া যায়নি। | ওএমএস কার্যক্রম কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের অক্টোবর হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত খাদ্য শস্য বরাদ্দপত্র পাওয়া গেছে। সেই প্রেক্ষিতে অক্টোবর/২৪ মাসের খাদ্যশস্য ছাড়পত্র (ডিও) দেয়ার কাজ চলমান। মা ও শিশু সহায়তা কর্মসূচির জুলাই/২৪ মাস পর্যন্ত প্রতি ইউনিয়নে প্রতি মাসে ০৯ জন করে উপকারভোগীর আবেদন এন্ট্রি করে উপজেলা কমিটিতে সুপারিশ প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা পত্রটি প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানগণকে প্রেরণ করা হয়েছে। ইউনিয়ন কমিটি হতে উপজেলা কমিটিতে সুপারিশ প্রেরণ এবং চূড়ান্ত অনুমোদন করার সম্পূর্ণ কাজটি আগামী ৩১ অক্টোবরের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।"জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক" কার্যকমের জয়িতার নাম আগামী ১৪/১১/২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কাম্য। | মা ও শিশু সহায়তা কর্মসূচি ও "জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক" কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। পূর্বের তুলনায় লোডশেডিং হ্রাস পেয়েছে। ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সঠিক সময়ে বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি এবং সঠিক সময়ে বিদ্যুৎবিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসের ঋণ বিতরন ৬৮.২০ হাজার, ঋণ আদায় ৫৫.৯০ হাজার, সঞ্চয় বাবদ আদায় ৪.৫০হাজার টাকা । | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋন বিতরন ৪০ লক্ষ ৫০ হাজার টাকা, ঋণ আদায় ৬২ লক্ষ ০১ হাজার টাকা। হার ৯৭%। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৮৩ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২১ | বিআরডিবি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (সেচ) সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিআরডিবি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, Simple Vital Register Servey ইন ডিজিটাল প্ল্যাটফর্ম এর আওতায় গোলাপগঞ্জ উপজেলায় ৪ টি পিএসইউতে যে ০৪ জন স্থানীয় রেজিষ্টার কাজ করছেন তারা ১ জানুয়ারি ২০২৪ থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত জন্ম,মৃত্যু, বিবাহ, তালাক,গর্ভবর্তী,স্থানান্তর বিষয়ক ১০ টি মডিউলের মাধ্যমে তথ্য সংগ্রহ কার্যক্রম CAPI পদ্ধতিতে ট্যাবের মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে। HMSS এর লিস্টিং কার্যক্রম ০৯ অক্টোবর থেকে ২৫ শে অক্টোবর পর্যন্ত গোলাপগঞ্জ উপজেলায় ০৯ টি PSU পরিচালিত হবে। | SVMS এর আওতায় চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ পরিসংখ্যান কর্মকর্তা / সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি | চেয়ারম্যান, বাদেপাশা ইউপি সভায় জানান, বাদেপাশা ইউনিয়নের ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ১ মাস অতিক্রম হওয়ার পরও উদ্বোধন করা হয়নি। এটা উদ্বোধন বা কাযর্ক্রম গ্রহণ করা খুবই জরুরী মর্মে সভায় প্রস্তাব উত্তাপন করেন। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি সভায় জানান,ক) কুশিয়ারা নদীরপাড়ে বাদ না থাকায় প্রতি বৎসর বর্ষায় পানি নিচে চলে যায়, জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন খ) বুধবারীবাজার ইউনিয়নের মধ্য দিয়ে জনগণের চলাচলের একটি রাস্তা তাও অনেক খারাপ, তিনি ১ নং ওয়ার্ড থেকে ৯ নং ওয়ার্ড পর্যন্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য অনুরোধ করেন গ) বনগাঁও কালিডহর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি কাজটি মেরামত করে দেয়ার জন্য তিনি অনুরোধ করেন ঘ) নদী ভাঙ্গানে অনেক বাড়ি ঘর ভেঙ্গে বিলিন হয়ে যাচ্ছে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ক),খ),গ),সংশ্লিস্ট বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক রিপোর্ট প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় ঘ) সংশ্লিষ্ট বিষয়ে নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড বরাবর পত্র দেয়া যেতে পারে। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৫ | বিবিধ | ক) উপজেলা পরিষদ কমপ্লেক্সের উপজেলা নির্বাহী অফিস ভবন এবংআবাসিক সংযোগের বিপরীতে জুলাই/২০২৪-সেপ্টেম্বর/২০২৪ পর্যন্ত ৪৬,০৮৭/- বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>খ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৭৪,৩০০/-,আসবাবপত্র মেরামত বাবদ ২৫,০০০/-, আবাসিকের সিসি ক্যামেরা ক্রয় বাবদ ৫০,০০০/ এবং পানির টেংকি ক্রয় ও যন্ত্রপাতি মেরামত বাবদ ২৫,০০০/- বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>গ) উপজেলা পরিষদের জীপ গাড়ির পার্টস হঠাৎ অকেজো হওয়ায় নতুন পার্টস সংযোজন ও মেরামতের জন্য ২৪,৭০০/-বিল অনুমোদনের জন্য | ক) উক্ত বিদ্যুৎ বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উক্ত বিল গুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় উপস্থাপন করা হয়। | থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। গ) নতুন পার্টস সংযোজন ও মেরামতের জন্য ২৪৭০০/-বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার গৃহীত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরণ | | জনাব মোঃ নাবেদ হোসেন, ভাইসচেয়ারম্যান ও মিজ সেলিনা আক্তার শিলা, মহিলা ভাইসচেয়ারম্যান জুন-আগষ্ট/২৪ মাসের ভ্রমন বিল বাবদ (১৪৭০০ +১৫৫৮৪) টাকার চেক প্রদান চেক নং ৮৪০৪০৭৫-৬ তাং১/৯/২৪।জনাব আব্দুল সোবহান,পরিচ্ছন্নতাকর্মী ও মিজ ফাহিমা বেগম, মালীর আগষ্ট/২৪ মাসের মজুরী বাবদ (১১০০০+১১০০০) চেক প্রদান চেক নং৮৪০৪০৮০-১ তাং ৩/৯/২৪।জুলাই-আগষ্ট/২৪ মাসের জীপ গাড়ির জ্বালানী বাবদ ১৩,৭৪৮/-চেক প্রদান চেক নং ৮৪০৪০৮২ তাং১৮/৯/২৪। | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগনকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবং সততা ও নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে উন্নত সমৃদ্ধ দেশ গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

আলী রাজিব মাহমুদ মিঠুন
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১২৫০ তারিখঃ [illegible] খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান------------------------------------------ ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

কাজী রাকিব মাহমুদ শিমুল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান,০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৭ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২৫ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২৬ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ২৭ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | |
| ২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ৩ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | |

২[illegible].১০.২৪

আলী রাজিব মাহমুদ মিঠুন
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।